

জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৭৭৯১০৪৫-৫১



Public Relations Office
Jahangirnagar University
Savar Dhaka Bangladesh
Phone: +88027791045-51

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশের জাতীয় অনূর্ধ্ব- ১৯ ক্রিকেট দল বিশ্ব চ্যাম্পিয়ন হওয়ায় জাবি উপাচার্যের অভিনন্দন

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ০৯ ফেব্রুয়ারি ২০২০।

দক্ষিণ আফ্রিকার পচেফস্ট্রুমে অনুষ্ঠিত অনূর্ধ্ব- ১৯ ক্রিকেট প্রতিযোগিতায় বাংলাদেশের জাতীয় অনূর্ধ্ব- ১৯ ক্রিকেট দল শক্তিশালী ইন্ডিয়াকে পরাজিত করে বিশ্ব-চ্যাম্পিয়ন হওয়ায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন।

এক অভিনন্দন বার্তায় উপাচার্য বলেন, বাংলাদেশ জাতীয় অনূর্ধ্ব- ১৯ ক্রিকেট দল ফাইনাল খেলায় ইন্ডিয়াকে পরাজিত করে প্রথমবারের মত চ্যাম্পিয়ন হয়ে ইতিহাস সৃষ্টি করেছে। এই বিজয়ের মধ্যদিয়ে বিশ্ব ক্রীড়াঙ্গনে বাংলাদেশের ভাবমূর্তি আরও উজ্জ্বল হয়েছে। বিশ্ব ক্রিকেট মাঠে বাংলাদেশকে এখন আরও সম্মানের চোখে দেখবে সবাই। আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি, আগামীতে বাংলাদেশের খেলোয়াড়গণ নতুন নতুন ইতিহাস সৃষ্টি করবেন। উপাচার্য বাংলাদেশ ক্রিকেট বোর্ড, বাংলাদেশ জাতীয় অনূর্ধ্ব- ১৯ ক্রিকেট দলের খেলোয়াড়, কোচ, কর্মকর্তা এবং সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জানান।



মো. আবদুস সালাম মিয়া
পরিচালক (ভারপ্রাপ্ত)

